



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
(এসএ শাখা)
শরীয়তপুর
www.shariatpur.gov.bd

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

নম্বর : ৩১.৩০.৮৬০০.০০৮.০৭.০৬৬.২৩-

তারিখ : চৈত্র ১৪৩০
মার্চ ২০২৪

নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলাধীন ৯২ নম্বর বাঘাইয়া মৌজার ১ নম্বর খাস খতিয়ানের ১ নম্বর দাগের নদী শ্রেণির ১৫.৮৮ একর আয়তনের বালুমহালটি ১৪৩১ বঙ্গাব্দের (০১ বৈশাখ ১৪৩১ হতে ৩০ চৈত্র ১৪৩১) জন্য ইজারা প্রদানের নিমিত্ত ১১ মার্চ ২০২৪ তারিখ দরপত্র (১ম দফা) আহ্বান করা হলে তালিকাভুক্ত ০৮ ব্যক্তি/প্রতিষ্ঠানের মধ্যে ০৫ ব্যক্তি/প্রতিষ্ঠান ১ম দফায় দরপত্র দাখিল করেন। দরপত্র দাখিলের পরপরই স্থানীয় জনগণ ও জনপ্রতিনিধিগণের লিখিত আপত্তি, বিভিন্ন পত্রিকায় বিরূপ সংবাদ প্রকাশ এবং মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে রিট পিটিশন ৩২২১/২০২৪ নম্বর মামলা দায়ের করা হয়। ফলে শরীয়তপুর জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির গত ২০ মার্চ ২০২৪ তারিখের সভায় বর্ণিত বালুমহালটির ১৪৩১ বঙ্গাব্দের ইজারার সকল কার্যক্রম স্থগিত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, শরীয়তপুর জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ভেদরগঞ্জ উপজেলাধীন ৯২ নম্বর বাঘাইয়া মৌজার বালুমহালের ১৪৩১ বঙ্গাব্দের ইজারার সকল কার্যক্রম স্থগিত রাখা হলো।

স্বাক্ষরিত/-

পলাশ কুমার দেবনাথ
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও

সদস্য সচিব

জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি, শরীয়তপুর

নম্বর : ৩১.৩০.৮৬০০.০০৮.০৭.০৬৬.২৩- ২২০(২৫)

তারিখ : ২৭ চৈত্র ১৪৩০
৩১ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহম্মদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ০৩। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ পৌ-পরিবহন কর্তৃপক্ষ, ঢাকা।
- ০৫। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৬। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৭। পুলিশ সুপার, শরীয়তপুর।
- ০৮। অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), শরীয়তপুর।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/পানি উন্নয়ন বোর্ড, শরীয়তপুর।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
- ১১। সহকারী কমিশনার (ভূমি), ভেদরগঞ্জ, শরীয়তপুর।
- ১২। সহকারী কমিশনার (গোপনীয়), জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর(জেলাপ্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৩। উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, শরীয়তপুর।
- ১৪। জনাব.....
- ১৫। অফিস কপি।

৩১/৩/২৪
রেভিনিউ ডেপুটি কালেক্টর
শরীয়তপুর